

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 15-04-2026
Time: 07:35-07:40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

Poyla boishakh :

আজ পয়লা বৈশাখ | ১৪৩২ এর দীর্ঘ ৩৬৫ দিনের পথ চলা শেষ করে শুরু হলো নতুন বাংলা বছর। ‘মুছে যাক গ্লানি, মুছে যাক জরা, অগ্নি স্নানে শুচি হউক ধরা..... | কবিগুরুর এই প্রার্থনা মুখর সুকামনার শব্দমালা ধার করেই চৈত্র পেরিয়ে বৈশাখের প্রথম সকালে আমাদের পদার্পণ। পথ চলা শুরু করলো ১৪৩৩ বঙ্গাব্দ। সকাল বেলার সূর্যকে প্রণাম জানিয়ে উদয়ের রাগে আমাদের অফুরান শুভেচ্ছা সমস্ত শ্রোতা বন্ধুর স্নমঙ্গল অভিযাত্রায়াভালো হউক সব, ভরা থাক সানন্দ উৎসবে বেলাচালু থাক বিদ্রোহ বিনাশী ভালবাসার পরিপূর্ণ খেলা |

এই ভাবনাতেই এই ত্রিপুরার পাহাড় সমতল একাকার চড়ক, গড়িয়া বিঝু বিঝু আর পয়লা বৈশাখে | সারা বছর ভালো কাটুক-এই ভাবনাকে পাথেয় করে সকাল থেকেই বাজারে ভীড় ভালোমন্দ মাছ, মাংস, মিষ্টি কেনার জন্য লাইনা ব্যবসায়ীদের হালখাতা যাত্রা করানো | নতুন পোশাকে নতুনকে বরণ | আগরতলা সহ সারা রাজ্যেই সেই নতুনের সন্ধানে গতকাল থেকেই নানারকম বর্ণময় আয়োজনে সেজে আছে চারপাশ। সাংস্কৃতিক নানা আয়োজন সুর ছন্দ তাল লয়ে কাব্যলোকের জমজমাট আসর। সবমিলিয়ে নতুনকে বরণে পুরোপুরি তৈরী গোটা রাজ্য।

Sudhangshu Das :

মৎস্যমন্ত্রী সুধাংশু দাস গতকাল জানিয়েছেন, বাংলা নববর্ষে উপলক্ষে মৎস্য দপ্তরের উদ্যোগে সুলভ মূল্যে বিভিন্ন ধরনের মাছ বিক্রয় করা হবে। এরজন্য রাজ্যের বিভিন্ন স্থানে ২১টি মৎস্য বিক্রয় কেন্দ্র খোলা হয়েছে। ত্রিপুরা এপেক্স ফিসারিজ কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের উদ্যোগে মহারাজগঞ্জ বাজারে সুলভ মূল্যে ইলিশ মাছ বিক্রি করা হচ্ছে।

President- Maharashtra visit:

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ দুই দিনের সফরে মহারাষ্ট্রে যাচ্ছেন। তিনি এই সফরে প্রথমে নাগপুরের এইমস-এর দ্বিতীয় সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেবেন এবং পরে সন্ধ্যায় নাগপুরের ন্যাশনাল অ্যাকাডেমি অফ ডাইরেক্ট ট্যাক্সেস-এ ইন্ডিয়ান রেভিনিউ সার্ভিস -এর অফিসার প্রশিক্ষার্থীদের ৭৮তম ব্যাচের সমাপনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন।

সফরের দ্বিতীয় দিন, আগামীকাল, রাষ্ট্রপতি ওয়ার্ধায় মহাত্মা গান্ধী আন্তঃ-রাষ্ট্রীয় হিন্দি বিশ্ববিদ্যালয়ের ষষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে যোগ দেবেন।

PM-Nari Shakti :

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, নারীরা নীতি নির্ধারণ ও সিদ্ধান্ত গ্রহণে সক্রিয় অংশগ্রহণ করলে ২০৪৭ সালের মধ্যে 'বিকশিত ভারত' গড়ার পথচলা আরও শক্তিশালী হবে।

ভারতের নারী শক্তিকে লেখা এক চিঠিতে শ্রী মোদী বলেছেন, আগামী ১৬ই এপ্রিল, 'নারী শক্তি বন্দন অধিনিয়ম' সম্পর্কিত একটি গুরুত্বপূর্ণ সাংবিধানিক সংশোধনী নিয়ে আলোচনার জন্য সংসদ পুনরায় বসবে। তিনি আশা প্রকাশ করেছেন যে, এই আইনটি সংসদে পাস হয়ে যাবে।

গতকাল দেরাদুনে দিল্লি-দেরাদুন অর্থনৈতিক করিডোরের উদ্বোধনী অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়েও নারী শক্তি বন্ধন অধিনিয়মের গুরুত্ব সম্পর্কে বিস্তারিত উল্লেখ করেন প্রধানমন্ত্রী।

BJP Press Meet:

বিধানসভার মুখ্য সচিব কল্যাণী রায় বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মহিলাদের আর্থ সামাজিক উন্নয়নের মাধ্যমে মহিলাদের আত্মনির্ভর করে তুলছেন। গতকাল প্রদেশ বিজেপি কার্যালয়ে নারী শক্তি বন্দন অধিনিয়ম নিয়ে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে তিনি একথা বলেন।

Modi-Trump :

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে দূরভাষে কথা বলেছেন। পরে সামাজিক মাধ্যমে শ্রী মোদী জানিয়েছেন, উভয় পক্ষের

এর স্নাতকোত্তর পাঠ্যপুস্তকের দ্বিতীয় সংস্করণ উন্মোচনকালে শ্রী সিং এ কথা বলেন।

ডঃ সিং বলেন, গবেষণা ও প্রকাশনার গতি উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পেয়েছে, যার ফলে চিকিৎসা শিক্ষায় ধারণাগত স্বচ্ছতা এবং মূল ক্লিনিক্যাল প্রশিক্ষণের উপর মনোযোগ দেওয়া অপরিহার্য হয়ে পড়েছে।

Charak Puja :

গোমতী জেলা সদর উদয়পুর মহাদেব বাড়ি মন্দির প্রাঙ্গণের মুক্ত মঞ্চে গতকাল ঐতিহ্যবাহী চড়ক মেলা অনুষ্ঠিত হয়। ৮২ বছরের প্রাচীন লোকউৎসব এই চড়ক মেলাকে কেন্দ্র করে বসে গ্রামীণ হাট, সাংস্কৃতিক অনুষ্ঠান এবং প্রদর্শনী।

Biju Festival :

চাকমা সম্প্রদায়ের ঐতিহ্যবাহী বিজুমেলা আজ তৃতীয় দিন। গোমতী জেলার নতুন বাজারের ঝড়ঝরিয়া স্কুল মাঠে তিনদিন ব্যাপী রাজ্যভিত্তিক বিজু মেলা আজ শেষ হবে। উৎসবের অন্যতম আকর্ষণ হিসেবে রয়েছে 'বিজু গারবা', যা ঐতিহ্যবাহী নৃত্য ও সংস্কৃতির অনন্য উপস্থাপনা।

Weather :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সব জেলাতেই ঝড়ো হাওয়া সহ হালকা থেকে মাঝারি বৃষ্টির সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৫ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬.৬ ডিগ্রি সেলসিয়াস।
